গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ফেনী সরকারি কলেজ,ফেনী

তারিখ : ০২/০২/২০২১ খ্রি.

২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার বিএ/বিএসএস/বিবিএস/বিএসসি (পাস) প্রাইভেট, সিসি, ৩য় বর্ষে অকৃতকার্য, অনিয়মিত ও মান উন্নয়নের আবেদন ফরমপূরণ ও ফি জমাদানের তারিখ ও নিয়মাবলী নিম্নে দেওয়া হল :

নিম্নে কোর্সভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল :

ক্রমিক নং	কোর্স	তারিখ	আবেদন ফরম জমা দেয়ার সময় ও স্থান
০১	৩য় বর্ষ বি.এস.এস নিয়মিত/অনিয়মিত/মানউন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার্থী	০৯/০২/২০২১ মঙ্গলবার	কলেজ অফিস সকাল ১০.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত
০২	৩য় বর্ষ বি.বিএস নিয়মিত/অনিয়মিত/মানউন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার্থী	১০/০২/২০২১ বুধবার	
০৩	৩য় বর্ষ বি.এ/বিএসসি নিয়মিত/অনিয়মিত/মানউন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার্থী	১১/০২/২০২১ বৃহস্পতিবার	

কোর্সওয়ারী মোট ফিসের হিসাব নিম্নে দেয়া হল (সেশন ফি সহ)

ক্রমিক নং	কোর্স	ফি এর পরিমাণ	সেশন ফি	মোট
০১	বিএ/বিএসএস/বিবিএস ৩য় বর্ষ নিয়মিত	১৯০০/-	২৭৭০/-	৪৬৭০/-
০২	বিএ/বিএসএস/বিবিএস ৩য় বর্ষ প্রাইভেট	২১০০/-	-	২১০০/-
০৩	বিএসসি ৩য় বর্ষ নিয়মিত	২৯০০/-	২৮৭০/-	৫৭৭০/-
০৪	সার্টিফিকেট কোর্স	১৩০০/-		১৩০০/-

৩য় বর্ষ অকৃতকার্য (এক বা একাধিক পত্র) গ্রেড উন্নয়ন

১ পত্র	২ পত্র	৩ পত্র	৪ পত্র	৫ পত্র	৬ পত্র	৭ পত্র
৯০০/-	১০০০/-	১১০০/-	১২০০/-	১৩০০/-	১৪০০/-	১৫০০/-

অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীদের অবশ্যই অনলাইন থেকে ফরম উত্তোলন করা পর কলেজে যোগাযোগ করতে হবে।

ফরম পূরণ ও সেশন ফি জমা দান পদ্ধতি

শিক্ষার্থীদের করণীয় :

ধাপ ০১: সেশন ফি ও ফরম পূরণ ফি জমাদানের ওয়েব সাইট fgc.genexapp.com লগ ইন করে Username: হবে রেজিস্ট্রেশন নম্বর এবং password: রেজিস্ট্রেশন নম্বর এর সাথে ১২৩৪ দিয়ে লগইন করলে Old passwoard/New Passwoard/Change Passwoard আসবে, এখান থেকে শিক্ষার্থী নিজের পছন্দমত পাসওয়ার্ড পরিবর্তন করতে পারবে। পরিবর্তনকৃত পাসওয়ার্ড দিয়ে নতুন করে লগইন করলে শিক্ষার্থী তার সকল তথ্য দেখতে পাবে।

ধাপ ০২: শিক্ষার্থী নিজে Dashboard/Profile/Notice Board/Payment History/ Payment Dues/Change Password দেখতে পারবে।

ধাপ ০৩: Payment Dues – Pay up to – February - Load Dues ক্লিক করার পর ফি দেখা যাবে এবং Paywith Sonali bank ক্লিক করার পর- Account Transfer আসবে সোনালী ব্যাংক এর যে কোন শাখায় একাউন্ট থাকলে Account Transfer এর মাধ্যমে টাকা জমা দেওয়া যাবে। Counter এর মাধ্যমে যারা টাকা জমা দিবে তাদেরকে অবশ্যই প্রিন্ট কপি সংগ্রহ করে সোনালী ব্যাংক এর যে কোন শাখায় টাকা জমা দিতে হবে। (প্রিন্ট কপি বলতে যারা Counter সিলেক্ট করবে তাদের ক্ষেত্রে প্রযোজ্য। (সোনালী ব্যাংক এর একাউন্ট ট্রান্সফার এবং Counter এর সার্ভিস চার্জ সর্বনিম্ন)

অথবা Cards এর মাধ্যমে DBBL Nexus অথবা Master Card অথবা Qcash অথবা Visa কার্ডের মাধ্যমে টাকা জমা দেওয়া যাবে।

অথবা Mobile Banking এর মাধ্যমে Bikash/ Rocket /ই-চালান যে কোন ১টি ব্যবহার করে ফি জমা দিতে হবে।

৪। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

ক) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (নিয়মিত) ঃ

i) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে **৩য় বর্ষে "ইংরেজি"** আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) এ সকল শিক্ষার্থীদেরকে ব্যবহারিক সম্বলিত বিষয়ের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ) ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (অনিয়মিত) ঃ

i) ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে কিন্তু ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে **৩য় বর্ষে "ইংরেজি"** আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে কোন কোর্সে/পত্রে F গ্রেড পেয়েছে তারা F গ্রেড প্রাপ্ত কোর্সে/পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iv) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৬ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮ সালের ৩য় বর্ষের চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে যারা অকৃতকার্য হয়েছে তারা শেষ বারের মতো ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে একজন শিক্ষার্থী শুধুমাত্র একবার পরবর্তী শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের সাথে উক্ত ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম D গ্রেড পেতে হবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নেই।

ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (মানোন্নয়ন) ঃ

i) **২০১৮ সালের** ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষার ফলাফল প্রকাশের পর CGPA 2.25 বা এর কম প্রাপ্ত শিক্ষার্থীরা পূর্বে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই ৩য় বর্ষের এমন সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন (C এবং D গ্রেড প্রাপ্ত) পরীক্ষা দিতে পারবে। ব্যবহারিক পরীক্ষায় মানোন্নয়নের সুযোগ নাই।

৫। **সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা (২০০ নম্বর) ঃ**

ক) ২০১৬, ২০১৭ শিক্ষাবর্ষে রেজিষ্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

পরীক্ষার্থীদের জন্য করণীয় :

Online এ পূরণকৃত ফরমপূরণ এর ফরম, রেজিষ্ট্রেশন কার্ড, প্রবেশ পত্র ও Payment History থেকে ডাউনলোডকৃত টাকা জমাদানে প্রিন্ট কপি সংযুক্ত করে নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে কলেজ অফিসে জমা দিতে হবে।

বি:দ্র : লগ ইন করার সময় ওয়েব ব্রাউজারে fgc.genexapp.com এর পূর্বে www/http এগুলো ব্যবহার করা যাবে না। এন্ড্রয়েড মোবাইল ফোন দিয়ে apps টি ব্যবহার করা যাবে। প্রয়োজনে যোগাযোগ : জনাব আবু আব্দুল্লাহ, প্রভাষক, ব্যবস্থাপনা ০১৬৭১৬৯৪৪৫২, জনাব মনতোষ চন্দ্র দাস, কম্পিউটার অপারেটর ০১৭১৬৮৬৯৭০২, জনাব মিঠুন চন্দ্র দাস, কম্পিউটার অপারেটর ০১৬২১৬৩৫৪৭৫।

০৬/০২/২০২০

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ,ফেনী

অধ্যক্ষ
ফেনী সরকারী কলেজ, ফেনী।
৬/২/২০২০